রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, সেপ্টেম্বর ১৪, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়**

**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ**

**সংস্থা-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: **১১** ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ/২৬ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৫৬.০০.০০০০.০০০.০৫৬.৯৯.০০০৫.২১.১১৫**—সাইবার সুরক্ষা অধ্যাদেশ, ২০২৫ এর উদ্দেশ্যপূরণকল্পে অধ্যাদেশের ধারা **১২** এর উপধারা (১) অনুযায়ী নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে জাতীয় সাইবার সুরক্ষা কাউন্সিল গঠন করা হলো:

**ক) জাতীয় সাইবার সুরক্ষা কাউন্সিল গঠন (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

| ক্রম. | নাম, পদবি ও দপ্তর | মন্তব্য |
|---|---|---|
| ১. | প্রধান উপদেষ্টা/প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার | চেয়ারম্যান |
| ২. | উপদেষ্টা/মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রী (যদি থাকে), ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | উপদেষ্টা/মন্ত্রী, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | প্রধান উপদেষ্টা/প্রধানমন্ত্রীর মুখ্যসচিব | সদস্য |
| ৫. | গভর্ণর, বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| ৬. | সচিব, আইন ও বিচার বিভাগ | সদস্য |
| ৭. | সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | সদস্য |
| ৮. | সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | সদস্য |
| ৯. | সচিব, জননিরাপত্তা বিভাগ | সদস্য |
| ১০. | পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| ১১. | সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | সদস্য |
| ১২. | ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ, বাংলাদেশ পুলিশ | সদস্য |
| ১৩. | চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড | সদস্য |



**মূল্য :** টাকা ৪·০০

| ক্রম. | নাম, পদবি ও দপ্তর | মন্তব্য |
|---|---|---|
| ১৪. | চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন | সদস্য |
| ১৫. | মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর | সদস্য |
| ১৬. | মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা | সদস্য |
| ১৭. | মহাপরিচালক, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার | সদস্য |
| ১৮. | এ.এফ.এম আবদুর রহমান, অবসরপ্রাপ্ত মাননীয় বিচারপতি, বাংলাদেশ সুপ্রিম কোর্ট | সদস্য |
| ১৯. | চেয়ারম্যান, জাতীয় মানবাধিকার কমিশন | সদস্য |
| ২০. | সচিব, তথ্য কমিশন | সদস্য |
| ২১. | হেড অব বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ), বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| ২২. | ড. এ.বি.এম আলিম আল ইসলাম, অধ্যাপক, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) | সদস্য |
| ২৩. | মোঃ মাহবুবুর রহমান আলম, অধ্যাপক, বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট (বিআইবিএম) | সদস্য |
| ২৪. | মহাপরিচালক, জাতীয় সাইবার সুরক্ষা এজেন্সি | সদস্য সচিব |

**খ) সাইবার সুরক্ষা অধ্যাদেশ, ২০২৫ এর ধারা ১৩(২) অনুযায়ী জাতীয় সাইবার সুরক্ষা কাউন্সিলের কার্যাবলি:**

(১) সাইবার নিরাপত্তা হুমকি দেখা দিলে উহা প্রতিকারের জন্য প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান;

(২) সাইবার নিরাপত্তার অবকাঠামোগত উন্নয়ন ও জনবল বৃদ্ধি এবং মানোন্নয়নের পরামর্শ প্রদান;

(৩) সাইবার নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে আন্তঃপ্রাতিষ্ঠানিক নীতি নির্ধারণ;

(৪) এই অধ্যাদেশ ও তদধীন প্রণীত বিধির যথাযথ প্রয়োগ নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; এবং

(৫) বিধি দ্বারা নির্ধারিত অন্য কোনো কার্য সম্পাদন।

গ) কাউন্সিলের সভা প্রতি ৩ (তিন) মাসে অন্তত একবার এবং জরুরি পরিস্থিতিতে যেতেককানো সময় সভাপতি কর্তৃক নির্ধারিত তারিখ, সময় ও স্থানে অনুষ্ঠিত হবে।

ঘ) চেয়ারম্যান কাউন্সিলের সকল সভায় সভাপতিত্ব করবেন। তবে তাঁর অনুপস্থিতিতে ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণলয়ের দায়িত্বপ্রাপ্ত উপদেষ্টা/মন্ত্রী কাউন্সিলের সভায় সভাপতিত্ব করবেন।

ঙ) সচিব বলতে সিনিয়র সচিবও বুঝাবে।

চ) ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো. আবু নাছের**
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd